দৈনিক বাংলা

বাংলাদেশ শিক্ষা তথ্য ও পরিসংখ্যান ব্যুরো
ডকুমেন্টেশন কেন্দ্র

040

তারিখ 18 ... 1989
পৃষ্ঠা 7 কলাম 1

# পরীক্ষায় নকলরোধে কড়াকড়ি ব্যবস্থায় হতাশ হয়ে—

(নিজস্ব সংবাদদাতা)

পাবনা, ১৭ই জুন—চলতি উচ্চ মাধ্যমিক পরীক্ষায় নকল প্রতিরোধে এবার পাবনা জেলা প্রশাসন কঠোর ব্যবস্থা অবলম্বন করায় এ পর্যন্ত ২ শতাধিক পরীক্ষার্থী রনে ভঙ্গ দিয়েছে, বহিষ্কার হয়েছে ১ শতাধিক। পরীক্ষাকে কেন্দ্র করে ভিজিলেন্স টিমের ভয়ে অনেক চমকপ্রদ ঘটনা ঘটেছে বিভিন্ন পরীক্ষা কেন্দ্রে।

এসব ঘটনার মধ্যে রয়েছে একজন পরীক্ষার্থী জেলখানায় বসে পরীক্ষা দেয়ার জন্যে বন্ধুর সঙ্গে পাতানো মামলায় পরীক্ষার আগে ৪২০ ধারায় অভিযুক্ত হয়ে জেলে হাজতে যায়। কিন্তু সেখানে পরীক্ষা দিতে বসে একজন ম্যাজিস্ট্রেট কর্তৃক নকল ধরা পড়ার পর বহিষ্কার হয়ে পরে জামিনের আবেদন করে জামিন লাভ করে পগার পার। এই প্রার্থী একটি রাজনৈতিক দলের জেলা কমিটির প্রচার সম্পাদক।

বেড়া পরীক্ষা কেন্দ্রে ৩ জন প্রার্থী অসুখের ভান করে বিছানায় শুয়ে পরীক্ষা দেয়ার সময় নকল ধরা পড়ে দুজন বহিষ্কার হলে তৃতীয়জন জানায় তার অসুখ ভাল হয়ে গেছে এবং সে অন্যান্য পরীক্ষার্থীদের সাথে হলে বসে পরীক্ষা দেবে।

পাবনা মহিলা কলেজ কেন্দ্রে একজন সাবেক সংসদ সদস্যের স্ত্রী পরীক্ষার প্রথম দিনে নকল ধরা পড়ায় বহিষ্কার হয়ে কান্নাকাটি শুরু করলে স্বামী তাকে আশ্বাস দেন তোমার বিয়ে হয়েছে এখন পরীক্ষায় পাস না করলে কিছু যায় আসে না। তুমি আর কেঁদো না।

এক উপজেলা কেন্দ্রে নির্বাহী কর্মকর্তার স্ত্রী বাংলা পরীক্ষায় নকল ধরার হিড়িক দেখে আর পরীক্ষা কেন্দ্রে আসেননি।

পাবনা সরকারী বুলবুল কলেজের অধ্যক্ষের ছেলে পিতার প্রশাসনাধীন কলেজ ছেড়ে সাঁথিয়া উপজেলা কেন্দ্রে পরীক্ষা দিচ্ছে। অনুরূপভাবে পাবনার সাবেক অতিরিক্ত জেলা ম্যাজিস্ট্রেটের ছেলে শহর ছেড়ে সুজানগর উপজেলা কেন্দ্রে যেয়ে পরীক্ষা দিচ্ছে। পাবনার অপর একজন সহকারী কমিশনারের স্ত্রী সাঁথিয়া উপজেলা কেন্দ্রে পরীক্ষা দেয়ার জন্য প্রবেশপত্র পেয়েও যাননি।

উল্লেখ্য নকল প্রতিরোধের জন্য পরীক্ষার আগে পাবনা শহরে সর্বস্তরের বুদ্ধিজীবী ও সরকারী কর্মকর্তাদের নিয়ে ১৪টি ভিজিলেন্স টিম গঠন করা হয়। পরীক্ষা চলাকালীন সময় পর্যন্ত এসব টিম পাবনা শহরসহ মফস্বলের কেন্দ্রগুলোতে নকল প্রতিরোধে আপ্রাণ চেষ্টা করে যাচ্ছে।

পাবনার জেলা প্রশাসক জানান আর যাতে মাস্টার ডিগ্রীধারীদের মুখে আই মাস্ট ইট ইউ ইংরেজি শুনতে না হয় তার জন্য এই প্রচেষ্টা চালানো হচ্ছে।